# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**4 MARCH 2025** **7:35AM**

=============================================================

রাজ্যে চলতি বছরের ৩১শে জানুয়ারী পর্য্যন্ত ১ লক্ষ ৬৫ হাজার ৯৯২ জন লোককে বিদেশী হিসেবে শণাক্ত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । গতকাল বিধানসভায় বিধায়ক আব্দুল বাতিন খন্ডকারের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান যে বিদেশী ট্রাইবুনেলে মোট ২ লক্ষ ৪৪ হাজার ১৪৪ টি ডি-ভোটার সংক্রান্ত মামলা প্রেরণ করা হয়েছে এবং এরমধ্যে ১ লক্ষ ৫৪ হাজার ৮১৮টি মামলা নিষ্পত্তি করা হয়েছে । এছাড়া আসাম চুক্তির ভিত্তিতে শণাক্ত করা ৩০ হাজার ১১৫ জন বিদেশীকে বহিষ্কার করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---

রাজ্য সরকার বিভিন্ন পদ পূরণের জন্য অনুষ্ঠিত করা নিযুক্তি পরীক্ষার ফলাফলগুলি আজ থেকে পর্যায়ক্রমে প্রকাশ করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা  সামাজিক মাধ্যমে জানান যে আজ প্রথম দিন  আসাম পুলিশে গাড়ীচালকের পদে নিযুক্তি দেওয়ার জন্য অনুষ্ঠিত পরীক্ষার ফলাফল ঘোষনা করা হবে । একইভাবে আগামী ৬ ই মার্চ আসাম পুলিশের উপ পরিদর্শক পদের জন্য ও ৭ ই মার্চ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদের পরীক্ষার ফলাফল

প্রকাশ করা হবে । ১২ই মার্চ আসাম পুলিশের কনষ্টেবল পদের ও ২৭ শে মার্চ আসাম পুলিশের কমান্ডো বেটেলিয়ান কনষ্টেবল পদের পরীক্ষার ফল প্রকাশ করা হবে ।

---

গৌহাটী হাই কোর্ট পরীক্ষায় অনিয়মের জন্য দায়ের করা মামলায় গ্রেপ্তার হোয়া ইউ এস টি এম  শিক্ষা প্রতিষ্ঠানের স্বত্বাধিকার মেহবুবুল হকের জামিন মঞ্জুর করেছে । হাই কোর্টের বিচারপতি পার্থিব জ্যোতি শইকীয়ার বিচারপীঠ সব পক্ষের আইনজীবির যুক্তি শোনার পর অভিযুক্ত হকের জামিন মঞ্জুর করে । উল্লেখ্য পরীক্ষায় অনিয়ম সম্পর্কে শ্রী ভুমি জেলার পাথারকান্দি পুলিশ হককে গৌহাটী থেকে গ্রেপ্তার করেছিল ।এদিকে অভিযুক্তের বিরুদ্ধে অন্য আরেকটি মামলার শুনানী আজ গৌহাটী হাইকোর্টে গ্রহণ করা হবে ।

---

রুথ লিয়েনথাংকে হাইলাকান্দি জেলা পরিষদের নতুন মূখ্য কার্য্যবাহী আধিকারীক নিযুক্ত করা হয়েছে । রাজ্য সরকারের কর্মী বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলা পরিসদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লস্করের বদলির পর গত ২৭শে জানুয়ারী থেকে এই পদটি শূন্য ছিল ।

---

সমগ্র দেশের সঙ্গে শ্রীভূমি জেলায়ও আগামী ৮ই মার্চ জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে জাতীয় লোক আদালত অনুষ্টিত হবে । শ্রীভূমি জেলা

আইন সেবা কর্তৃপক্ষ থেকে জানানো হয়েছে যে জাতীয় লোক আদালতে বিচারাধীন থাকা আপোষ মিমাংসাযোগ্য দেওয়ানী ও ফৌজদারী মামলার নিষ্পত্তি করা হবে । এছাড়াও লোক আদালতে মামলা দাখিলের পূর্বে বিভিন্ন বিবাদের নিষ্পত্তি করা হবে । জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

---

হাইলাকান্দির ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিস অথরিটির উদ্যোগে আগামী ৮ই মার্চ হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । জাতীয় লোক আদালতে ব্যাঙ্ক , বিদ্যুৎ , বি এস এন এল সংক্রান্ত মামলা এবং আদালতে বিচারাধীন মামলা আপোষ মীমাংসা দ্বারা নিষ্পত্তি করা হবে । লোক আদালতের জন্য যারা আদালতের নোটিশ পেয়েছেন , তাদেরকে আগাম যোগাযোগ করতে বলা হয়েছে । এছাড়া লিগেল সার্ভিস অথরিটির আইনজীবি আজিজুর রহমান লস্করের সংগে ৯৮৫৪৪৬৮৫১৭ মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবে ।

---

হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম বিদ্যুৎ বিভাগের কার্য্যলয়ের সামনে গতকাল বিকেল চারটে নাগাদ সংগঠিত সড়ক দূর্ঘটনায় দু জন ব্যাক্তি আহত হয়েছেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে শিলচরের দিক থেকে দ্রুত গতিতে আসা একটি ড্রাম্পারের মূখোমূখি সংঘর্ষে দুজন ব্যাক্তি আহত হয়েছেন । পাঁচগ্রাম পুলিশ গাড়ি দুটি উদ্ধার করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

পশ্চিম শিলচর এলাকার তোপখানা অঞ্চলের স্থানীয় বাসিন্দাদের পক্ষ থেকে তোপখানা এলাকায় রেলপথের নীচ দিয়ে ভূগর্ভস্থ সেতু নির্মানের দাবী জানিয়ে স্থানীয় সাংসদ, বিধায়ক সহ রাজ্যের মূখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করা হয়েছে । আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে স্থানীয় বাসিন্দারা জানান যে শিলচর-কালাইন রোডের তোপখানা পয়েন্ট থেকে আই এস বি টি পর্য্যন্ত মাত্র তিন কিলোমিটার দূরত্ব অথচ রেলপথের নীচে দিয়ে যাতায়াতের কোন ব্যবস্থা না থাকায় শিববাড়ী রোড হয়ে প্রায় সাড়ে ৬ কিলোমিটার দূরত্ব অতিক্রম করে আই এস বি টি যেতে হয় । স্থানীয় বাসিন্দাদের পক্ষ থেকে অবিলম্বে তোপখানা এলাকায় রেল পথের নীচে সেতু নির্মানের দাবী জানানো হয়েছে ।

---